



গাইবান্ধা-৫ আসনে বিএনপি ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের উত্তজনা, ১৪৪ ধারা জারি



সংগৃহীত ছবি

গাইবান্ধা-৫ (সাঘাটা-ফুলছড়ি) আসনে স্বতন্ত্র প্রার্থী আলহাজ নাহিদুজ্জামান নিশাদের মোটরসাইকেল শোভাউনের কারণে বিএনপি মনোনীত প্রার্থী মো. ফারুক আলম সরকারের সমর্থক ও নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দিয়েছে। এই পরিস্থিতিতে সাঘাটা উপজেলায় ১৪৪ ধারা জারি করা হয়েছে।

রোববার (৯ নভেম্বর) দুপুরে সাঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মীর মো. আল কামাহ তমাল জানান, শোভাউনের সময় দুই পক্ষ মুখোমুখি হওয়ার কারণে সংঘর্ষের সম্ভাবনা তৈরি হয়। তাই সকাল ৬টা থেকে রাত ১২টা পর্যন্ত সাঘাটা ও সংলগ্ন এলাকায় ১৪৪ ধারা বলবৎ রাখা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, নিশাদ দুপুরে মোটরসাইকেল শোভাউনের প্রস্তুতি নিচ্ছিলেন। সকাল থেকেই সমর্থকরা মোটরসাইকেল নিয়ে উপস্থিত হন। পথে ডাকবাংলা ও হাপানিয়া এলাকায় তাদের আটকানো, হামলা এবং মোটরসাইকেল ভাঙচুরের অভিযোগ উঠেছে বিএনপি মনোনীত প্রার্থীর সমর্থকদের বিরুদ্ধে।

নিশাদের পক্ষ থেকে বলা হয়েছে, তারা শান্তিপূর্ণভাবে শোভাউনে যোগ দিতে যাচ্ছিলেন। হামলার কারণে অন্তত ১০ জন আহত হয়েছেন এবং কয়েকটি মোটরসাইকেল ক্ষতিগ্রস্ত হয়েছে।

বিএনপি প্রার্থী মো. ফারুক আলম সরকারের মন্তব্য পাওয়া যায়নি। স্থানীয় বিএনপি নেতারা বিষয়টি নিয়ে কথা বলতে রাজি হননি।

উপজেলাসহ আশেপাশের এলাকায় উত্তেজনা রয়েছে। ১৪৪ ধারা জারির পর বোনারপাড়া বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল জোরদার করা হয়েছে। সাঘাটা থানার ওসি জানিয়েছেন, আইনশৃঙ্খলা রক্ষা ও পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ সতর্ক অবস্থানে রয়েছে।